রাজনীতি FEATURED

জ্বালানি তেলের দামবৃদ্ধির প্রতিবাদে সন্ধ্যায় এনসিপির বিক্ষোভ

[illegible]

By **Desk news** | September 21, 2026 at 3:18 PM | **জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)** | 45 views

[illegible]

জ্বালানি তেলের দামবৃদ্ধির প্রতিবাদে সন্ধ্যায় এনসিপির বিক্ষোভ

[illegible] — সংগৃহীত

জ্বালানি তেলের দামবৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

দলটির ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ শাখার উদ্যোগে সোমবার (২১ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টায় রাজধানীর বাংলামোটরে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

এনসিপির পক্ষ থেকে জানানো হয়েছে, কর্মসূচিতে দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীসহ দলের শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন।

সম্প্রতি সরকার জ্বালানি তেলের নতুন দাম নির্ধারণ করে। নতুন মূল্য অনুযায়ী, প্রতি লিটার ডিজেলে ১৩৫ টাকা, কেরোসিনে ১৫৫ টাকা, পেট্রোল ১৬০ টাকা এবং অকটেনে ১৬৫ টাকা নির্ধারণ করা হয়েছে। সোমবার থেকে নতুন দাম কার্যকর হয়েছে।

জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রতিবাদে এনসিপি এই বিক্ষোভ কর্মসূচির আয়োজন করেছে বলে দলটির পক্ষ থেকে জানানো হয়েছে।

TAGS: এনসিপি | নাসীরুদ্দীন পাটওয়ারী | তেলের দাম | জ্বালানি তেল | ঢাকা | জাতীয় নাগরিক পার্টি | বিক্ষোভ | বাংলামোটর

© 2026 নগর টাইমস

All rights reserved.